দৈনিক
ইনকিলাব

তারিখ 23 NOV 2006 ...
পৃষ্ঠা ৮২ কলাম ৫ ....

তত্ত্বাবধায়ক প্রধানকে জমিয়াতুল মোদার্রেছীন

# আরবী ভার্সিটি স্থাপন ও বিগত সরকারের শিক্ষাবিরোধী সকল কালাকানুন বাতিল করুন

**স্টাফ রিপোর্টার**

বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব প্রিন্সিপাল মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী গত ১৭ ও ১৮ নভেম্বর সিলেট ও মৌলভী বাজার সফর করেন। ১৭ নভেম্বর বাদজুমা তিনি প্রখ্যাত আলেমে দ্বীন সাহেব কেবলা ফুলতলী আল্লামা আঃ লতিফ চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। পরে তিনি হযরত শাহজালাল (রঃ)-ও হযরত

## আরবী ভার্সিটি স্থাপন ও বিগত

১২-এর পৃষ্ঠার পর

(রঃ)-এর মাজার জিয়ারত করেন। জিয়ারতকালে সিলেট জেলার জমিয়ত নেতৃবৃন্দ তার সাথে ছিলেন। সন্ধ্যায় স্থানীয় এক হোটেলে সিলেট জেলার জমিয়ত নেতৃবৃন্দের সাথে তিনি মতবিনিময় করেন। উক্ত মতবিনিময় সভায় জমিয়তের সাবেক নেতা, বৃহত্তর সিলেটের সভাপতি আলহাজ্ব মাওলানা ইসহাক আহমদ বিশ্বনাথী, জেলা সভাপতি প্রিন্সিপাল মাওলানা কমর উদ্দীন, সহ-সভাপতি পিন্সিপাল মাওলানা আতাউর রহমান, সেক্রেটারি প্রিন্সিপাল মনোয়ার আলী, কেন্দ্রীয় সদস্য আলহাজ মাওলানা নুমানসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। ১৮ নভেম্বর মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলা জমিয়ত কর্তৃক আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। জিংগাদিয়া সিনিয়র মাদরাসায় অনুষ্ঠিত এক সভায় জমিয়ত মহাসচিব বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, প্রিন্সিপাল মাওলানা আঃ কদ্দুস সিদ্দিকী, কুলাউড়া জমিয়ত সভাপতি অধ্যাপক মাওলানা আঃ জব্বার, সম্পাদক মাওলানা বশির আহমদ। মৌলভীবাজার টাউন কামিল মাদ্রসায় অনুষ্ঠিত এক সভায় জমিয়ত মহাসচিব বক্তব্য রাখেন। সভায় আরো বক্তব্য রাখেন জেলা সভাপতি মাওলানা আঃ কাইয়ুম সিদ্দিকী, সম্পাদক মাওলানা শামসুল ইসলামসহ জেলার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী মাদ্রাসার সর্বস্তরের শিক্ষক-কর্মচারীকে কোন রাজনৈতিক দলের চাল হিসেবে ব্যবহৃত না হয়ে অতীতের ন্যায় সকল মিথ্যা প্রাচারণা ও প্রভাবমুক্ত থেকে জমিয়তের নেতৃত্বে সকল প্রকার দাবি-দাওয়া আদায়ে ভবিষ্যৎ কর্মসূচি সফল করার আহবান জানান। তিনি আল্লামা ফুলতলীর আহবানে লংমোর্চে অংশ নেয়ার জন্যও সকলকে মোবারকবাদ জানান। মাওলানা মোমতাজী অনতিবিলম্বে ফাজিল কামিলের মান প্রদানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণের জন্য ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ জানান। সাথে সাথে এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় ঢাকায় স্থাপন, পুরুষ মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগের আদেশ বাতিল, বিগত সরকারের আমলে ছাঁটাইকৃত শিক্ষক ও শিক্ষাবিরোধী সকল প্রকার প্রজ্ঞাপন বাতিল, মাদ্রাসার দাখিল, আলিম ও ফাজিল মাদ্রাসা প্রধানদের বেতনবৈষম্য দূরীকরণসহ অন্যান্য দাবী-দাওয়া পূরণ করার বাস্তব পদক্ষেপ গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক সরকার প্রধান প্রেসিডেন্টকে অনুরোধ জানান। মতবিনিময় সভাসমূহে স্থানীয় জমিয়ত নেতৃবৃন্দ কেন্দ্রীয় জমিয়ত সভাপতি আলহাজ্ব এ এম এম বাহাউদ্দীনের নেতৃত্বে ঐক্যবদ্ধ আন্দোলনের মাধ্যমে শিক্ষক সমাজের দাবি-দাওয়া পূর্ণ হবে বলে আশাবাদ ব্যক্ত করে বলেন, সকল মিথ্যাচার ও মাদ্রাসা শিক্ষাবিদ্বেষী ষড়যন্ত্রকারীরা অতীতেও জমিয়তের ভাবমূর্তি ক্ষুণ্ন করার চেষ্টা করে ব্যর্থ হয়েছে, ভবিষ্যতেও ব্যর্থ হবে। জমিয়াতুল মোদার্রেছীন এ দেশের পীর-মাশায়েখ ও মাদ্রাসা শিক্ষকদের একমাত্র অরাজনৈতিক প্রাণপ্রিয় সংগঠন বলে তারা উল্লেখ করেন।